# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

বিষয়: **২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল কার্যক্রমের এপ্রিল, ২০২৩ মাস পর্যন্ত অগ্রগতি ও ২০২৩-২৪ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তির পর্যালোচনার লক্ষ্যে সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মহাব্যবস্থাপক (প্রশাসন), মহা-ব্যবস্থাপক (এইচ আর) (অতিরিক্ত দায়িত্ব) ও আহ্বায়ক, এপিএ টিম |
| সভার তারিখ | : | ৩১-০৫-২০২৩ |
| সভার সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | কমিটি রুম, লেভেল-৩, জিটিসিএল প্রধান কার্যালয়। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** হিসেবে সংযুক্ত।

**১.০। আলোচনা:**

১.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সভাপতি তাঁর প্রারম্ভিক বক্তব্যে ২০২২-২০২৩ অর্থ বছরের স্বাক্ষরিত এপিএ চুক্তির কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের এপ্রিল, ২০২৩ মাস পর্যন্ত নির্ধারিত লক্ষ্যমাত্রা ও লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনসমূহের বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য সভায় আহবান করেন।

১.২। এ পর্যায়ে এপিএ টিমের ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) সভায় অবহিত করেন যে, কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে গ্যাস পাইপলাইন সম্প্রসারণের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে এবং নদী ক্রসিং (এইচডিডি পদ্ধতিতে)-এর লক্ষ্যমাত্রাও অর্জিত হয়েছে।

১.৩। ভৌত অবকাঠামো নির্মাণের বিষয়ে মহাব্যবস্থাপক (ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট) ও সদস্য এপিএ কমিটির সভায় জানান যে, ভৌত অবকাঠামো নির্মাণ সংক্রান্ত লক্ষ্যমাত্রার ৪ টি এর বিপরীতে ৩ টি ইতোমধ্যে অর্জিত হয়েছে।

১.৪। এপিএ টিমের ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (ফ্লো-কন্ট্রোল) সভায় অবহিত করেন যে, বর্তমান হারে এলএনজি সরবরাহ অব্যাহত থাকলে গ্যাস সঞ্চালন কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জিত হবে মর্মে আশা প্রকাশ করেন ও রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রাও অর্জিত হবে।

১.৫। এছাড়া, ভূ-উপরিস্থ পাইপলাইন ও স্থাপনাসমূহের রংকরণ কাজটি চলমান রয়েছে এবং লক্ষ্যমাত্রাও অর্জিত হবে।

১.৬। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং অগ্রগতি সন্তোষজনক মর্মে সভায় অবহিত করা হয়। তবে লক্ষ্যমাত্রাসমূহের প্রমাণক যথাযথভাবে প্রস্তুত ও সংরক্ষণ বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। তথ্য বাতায়ন ওয়েবসাইট নির্ধারিত সময়ে ও নিয়মিতভাবে হালনাগাদের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। এছাড়া সভায় জিআরএস/এনআইএস/সিটিজেন চার্টার/আরটিআই এর অবশিস্ট অংশীজন সভা জুন মাসের প্রথম সপ্তাহে আয়োজনের ওপর গুরুত্ব আরোপ করা হয়।

১.৭। সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সফটওয়ার নিয়মিত লগইন করার বিষয়ে আলোচনা করা হয়। অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সংক্রান্ত কমিটি পরিবর্তন না হলেও কমিটির অফিস আদেশ ওয়েবসাইটে হালনাগাদের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।

১.৮। ডিআরএস/টিবিএস/আরএমএস/সিএমএস স্থাপনার রক্ষণাবেক্ষণ বিষয়ে পেট্রোবাংলার ১৫ টি নির্দেশনার বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষন করা হয় এবং সংশ্লিষ্ট ডিভিশন ও ডিপার্টমেন্ট সমূহকে এ বিষয়ে অবহিত করা ও সংশ্লিষ্টতা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গহণের বিষয়ে সভায় বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।

১.৯। এ পর্যায়ে সভায় ২০২৩-২০২৪ অর্থ বছরের চুড়ান্ত খসড়া এপিএ নিয়ে আলোচনা করা হয়।

২.০। **<u>সিদ্ধান্ত</u>:** সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

২.১। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন ক্ষেত্রের কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রাসমূহের প্রমাণক যথাযথভাবে প্রস্তুত ও সংরক্ষণ;

২.২। অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সফটওয়ার নিয়মিত লগইন, কমিটির অফিস আদেশ নিয়মিত জিটিসিএল এর ওয়েবসাইট হালনাগাদ করা;

২.৩। ভূ-উপরিস্থ পাইপলাইন ও স্থাপনাসমূহের রংকরণ কাজটি দ্রুততম সময়ে সম্পাদনের ব্যবস্থা গ্রহণ;

২.৪। জিআরএস/এনআইএস/সিটিজেন চার্টার/ আরটিআই এর অবশিস্ট অংশীজন সভা জুন মাসের প্রথম সপ্তাহে আয়োজনের ব্যবস্থা গ্রহণ;

২.৫। ডিআরএস/টিবিএস/আরএমএস/সিএমএস স্থাপনার রক্ষণাবেক্ষণ বিষয়ে পেট্রোবাংলার ১৫ টি নির্দেশনার বিষয়ে সংশ্লিষ্ট ডিভিশন ও ডিপার্টমেন্ট সমূহকে এ বিষয়ে অবহিত করা ও সংশ্লিষ্টতা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গহণ;

২.৬। ২০ জুন ২০২৩ তারিখের মধ্যে এপিএর সার্বিক কার্যক্রমের ওপর একটি Feedback সভা আয়োজন;

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৬/০৬/২০২৩

(মিনা রানী রায়)
মহাব্যবস্থাপক (প্রশাসন),
মহা-ব্যবস্থাপক (এইচ আর) (অতিরিক্ত দায়িত্ব) জিটিসিএল
ও
আহ্বায়ক, এপিএ টিম।

**<u>বিতরণ: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)</u>**

১। সকল মহাব্যবস্থাপক, জিটিসিএল।

২। সকল উপ-মহাব্যবস্থাপক, জিটিসিএল।

৩। সকল প্রকল্প পরিচালক, জিটিসিএল।

৪। ফোকাল পয়েন্ট (এপিএ/এনআইএস/জিআরএস/সিটিজেন চার্টার/ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন ইনোভেশন/আরটিআই কমিটি), জিটিসিএল।

**<u>অনুলিপি:</u>**

১। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, জিটিসিএল।

২। অফিস কপি।

# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্লট নং-এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
আগারগাঁও, ঢাকা।

**<u>২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র সকল কার্যক্রমের এপ্রিল, ২০২৩ মাস পর্যন্ত অগ্রগতি ও ২০২৩-২৪ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র পর্যালোচনা সভার উপস্থিতির তালিকা:</u>**

তারিখ : ৩১-০৫-২০২৩

সময় : ১১:০০ ঘটিকা

স্থান : কমিটি রুম, লেভেল-৩

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | মিনা রানী রায়, মহাব্যঃ (প্রশাসন) ও (চঃ দাঃ/অঃ দাঃ) | [signature] ৩১/৫/২০২৩ |
| ২। | প্রকৌ. জোহরা বানু, মহাব্যবস্থাপক (পিএন্ডডি), জিটিসিএল | [signature] ৩১/৫/২০২৩ |
| ৩। | মোঃ নজরুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (কো. সচিবালয়) | [signature] ৩১/৫/২০২৩ |
| ৪। | প্রকৌঃ রায়হান কবির, উপ-মহাব্যবস্থাপক ([illegible]) | [signature] ৩১/৫/২০২৩ |
| ৫। | মোঃ মাহমুদুর রহমান, DGM & Focal point | [signature] |
| ৬। | মোঃ শফিকুর রহমান উপ-মহাব্যবস্থাপক (লিগ্যাল অ্যাফেয়ার্স) | [signature] ৩১-০৫-২০২৩ |
| ৭। | মুহা: ইকরামুল হক | [signature] ৩১/৫/২০২৩ |
| ৮। | মোঃ সাইফুল আলম, উপ-মহাব্যবস্থাপক (এমএন্ডডি) | [signature] ৩১/০৫/২০২৩ |
| ৯। | | |
| ১০। | | |
| ১১। | | |
| ১২। | | |
| ১৩। | | |
| | | |
| | | |
| | | |